

ইউজিসির প্রতি প্রেসিডেন্ট
মানসম্মত উচ্চশিক্ষা নিশ্চিত
করতে ভূমিকা রাখুন

বাসস : প্রেসিডেন্ট জিহুর রহমান মানসম্মত উচ্চশিক্ষা নিশ্চিত করার জন্য ওল্পবৃর্ণ ভূমিকা পালন করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'উচ্চ পর্যায়ের শিক্ষার আরো উন্নতিকল্পে ইউজিসির মনিটরিং সার্বভা ও পর্যবেক্ষণ আরো বাড়ানো প্রয়োজন।' ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামের নেতৃত্বে সংস্থার একটি প্রতিনিধিদল গতকাল বসভবনে প্রেসিডেন্টের সাথে সৌজন্য সাক্ষাৎ করতে গেলো তিনি একথা বলেন। অধ্যাপক নজরুল প্রেসিডেন্টকে ইউজিসির বিভিন্ন কর্মকাণ্ডের বিষয়ে অবহিত করেন। তিনি বলেন, ইউজিসি গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়সমূহকে অর্থ যোগান দেয় এবং পিএইচডি ও এমফিল ডিগ্রি অর্জনে বৃত্তি প্রদান করে। তিনি প্রেসিডেন্টকে 'হাটার এক্সেসন কোয়ালিটি এন্ডেইজমেন্ট' পিরিয়োডের একটি বিশ্বব্যাপক পরিচালিত প্রকল্পের বিষয়েও অবহিত করেন। এটি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে গবেষণা কাজে অর্থমানের জন্য আগামী ৫ বছর ইউজিসিকে অর্থ সহায়তা দেবে। প্রেসিডেন্ট জিহুর রহমান প্রতিনিধিদলের কথা মত সহকারে পোনেন এবং ইউজিসির কাজে সজোয় প্রকাশ করেন। প্রতিনিধিদলের অন্য সদস্যগণ হচ্ছেন- অধ্যাপক ড. ইহসানুল হক, অধ্যাপক ড. এম আব্দুল হাকিম, অধ্যাপক ড. এম জাহুল ইসলাম, অধ্যাপক ড. আমেনা বেগম এবং অধ্যাপক ড. আতুল হাই শিবনী। এ সময় প্রেসিডেন্টের কার্যালয়ের সচিব মোহাম্মদ শফিউল আলম, প্রেসিডেন্টের সচিব সচিব ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এহতেশাম উল হক ও প্রেসিডেন্টের প্রেস সচিব আব্দুল আজিজ হাওলাদার উপস্থিত ছিলেন।